

রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার রেজিস্ট্রেশন শুরু

রংপুর অফিস ও রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি ▷

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৫-
১৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথমবর্ষে
ভর্তি পরীক্ষার রেজিস্ট্রেশন গতকাল
মঙ্গলবার থেকে শুরু হয়েছে। এ
কার্যক্রম চলবে আগামী ১৫ নভেম্বর
রাত ১২টা পর্যন্ত। এই সময়ে মোবাইল
ফোনের এনএমএসের মাধ্যমে
রেজিস্ট্রেশন করা যাবে। মোবাইল
অপারেটর কম্পানি টেলিটক থেকে
এনএমএস করতে হবে।

এ জন্য মেসেজ অপশনে গিয়ে BRUR
লিখে স্পেস দিয়ে
এইচএসসি শিক্ষা বোর্ডের
ইংরেজি নামের প্রথম তিন
অক্ষর লিখতে হবে। এরপর
স্পেস দিয়ে
এইচএসসি পরীক্ষার
রোল নম্বর দিতে হবে।

একইভাবে এইচএসসি পাসের সাল লিখে
স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের ইংরেজি নামের
প্রথম তিন অক্ষর লিখতে হবে। এরপর
স্পেস দিয়ে এনএসসি পরীক্ষার রোল
নম্বর লিখে স্পেস দিয়ে এনএসসি পাসের
সাল লিখে স্পেস দিয়ে কাঙ্ক্ষিত
ইউনিটের কোড (A/ B/ C/ D/ E/ F)
লিখে ১৬২২২ নম্বরে এনএমএস পাঠাতে
হবে।

সব তথ্য সঠিক হলে ফিরতি
এনএমএসে আবেদনকারীর নাম,
রেজিস্ট্রেশন ফি এবং পিন নম্বর জানিয়ে
সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২
নম্বরে আরেকটি এনএমএস প্রেরণের
মাধ্যমে সম্মতি জানাতে হবে। এ ক্ষেত্রে
প্রথমে BRUR লিখে স্পেস দিয়ে
YES লিখে স্পেস দিয়ে পিন নম্বর
লিখে স্পেস দিয়ে আবেদনকারীর
যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত
একটি মোবাইল (যেকোনো
অপারেটরের) নম্বর লিখে ১৬২২২
নম্বরে এনএমএস পাঠাতে হবে।
আবেদনকারীর টেলিটক মোবাইল

কাঙ্ক্ষিত পরিমাণ টাকা থাকলে সম্মতি
জনানোর সঙ্গে সঙ্গে রেজিস্ট্রেশনের জন্য
নির্ধারিত ফি কর্তন করে এনএমএসের
মাধ্যমে পরীক্ষার প্রবেশপত্রের জন্য
ইউজার আইডি ও পাসওয়ার্ড দেওয়া
হবে। এই ইউজার আইডি ও পাসওয়ার্ড
ব্যবহার করে পরে প্রবেশপত্র সংগ্রহ করা
যাবে।

ভর্তি পরীক্ষা আগামী ৬, ৭, ৮ ও ১০
ডিসেম্বর অনুষ্ঠিত হবে। ১৮ ডিসেম্বর
ফল প্রকাশ করা হবে।

এ বছর ছয়টি ইউনিটের অধীনে ছয়টি
অনুষদভুক্ত মোট ১১টি বিভাগে এক

রাজশাহী
বিশ্ববিদ্যালয়ে
১ অক্টোবর

হাজার ১৯০ জন শিক্ষার্থী
ভর্তি করা হবে। তবে
বিশেষ কোটায় এই
সংখ্যার অতিরিক্ত
হিসেবে মুক্তিযোদ্ধা
কোটায় শতকরা
পাঁচজন, ক্ষুদ্র নৃগোষ্ঠী
কোটায় শতকরা একজন, প্রতিবন্ধী
কোটায় শতকরা একজন, পোষা
কোটায় শতকরা একজন, হরিজন
কোটায় প্রতি ২০০ জনে একজন এবং
তৃতীয় লিঙ্গ কোটায় প্রতি ২০০ জনে
একজন ভর্তি নেওয়া হবে। ভর্তি
পরীক্ষাসংক্রান্ত বিস্তারিত তথ্য
বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে
(www.brur.ac.bd/
www.admission.brur.ac.bd/)
পাওয়া যাবে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদন
শুরু ১ অক্টোবর থেকে : রাজশাহী
বিশ্ববিদ্যালয়ের চলতি ২০১৫-১৬
শিক্ষাবর্ষে নতুন স্নাতক বিভাগ ও দুটি
ইনস্টিটিউটে সম্মান প্রাপ্তিতে ৩৫৫ জন
শিক্ষার্থী ভর্তির চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া
হয়েছে। এ নিয়ে বিশ্ববিদ্যালয়ের সম্মান
প্রথম বর্ষে আসন দাঁড়াল চার হাজার
১৭০। ভর্তির আবেদন প্রক্রিয়া আগামী
১ অক্টোবর থেকে শুরু হয়ে চলবে ১৮
অক্টোবর পর্যন্ত। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত
হবে ৯ থেকে ১২ নভেম্বর।